গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুলাই, ২০২৫-এর সমন্বয়সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | নাসিমুল গনি<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | **১৫ জুলাই ২০২৫** |
| সভার সময় | **সকাল ১১.০০টা** |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনা অন্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.০</td><td>কার্যবিবরণী দৃঢ়ীকরণ : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, গত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। সুতরাং কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে।</td><td>১) গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।</td></tr>
<tr><td>২.১</td><td>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদের বিবরণ নিম্নরূপ :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>১</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৩,০৫৯</td><td>২,১৭৪</td><td>৮৮৫</td></tr>
<tr><td>২</td><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>১,৪৮০</td><td>১,১৮১</td><td>২৯৯</td></tr>
<tr><td>৩</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>১৪,৫৭০</td><td>১৩,৬৩২</td><td>৯৩৮</td></tr>
<tr><td>৪</td><td>কারা অধিদপ্তর</td><td>১৩,৩৪০</td><td>১০,৯৯৪</td><td>২,৩৪৬</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>৩২,৪৪৯</td><td>২৭,৯৮১</td><td>৪,৪৬৮</td></tr>
</table>
শূন্যপদের বিন্যাস :
<table>
<tr><th>মন্ত্রণালয়/ অধিদপ্তর</th><th>১ম-৯ম গ্রেড</th><th>১০ম গ্রেড</th><th>১১-১৬ গ্রেড</th><th>১৭-২০ গ্রেড</th><th>মোট</th></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>১৮১</td><td>৯৬</td><td>৫১৮</td><td>৯০</td><td>৮৮৫</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৫০</td><td>১৩২</td><td>৭২</td><td>৪৫</td><td>২৯৯</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৩২</td><td>২০</td><td>৬৮০</td><td>২০৬</td><td>৯৩৮</td></tr>
</table></td><td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদ পূরণের ক্ষেত্রে নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন এবং নিয়োগ প্রক্রিয়ায় শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।<br>২) এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের ১৭-২০ গ্রেডের বিভিন্ন পদের পদক্রমের অসামঞ্জস্যতা দূরীকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য বিপিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৪) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগবিধিমালার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>১৬২</td><td>৮২</td><td>৮০২</td><td>১৩০০</td><td>২,৩৪৬</td></tr>
<tr><td>মোট =</td><td>৪২৫</td><td>৩৩০</td><td>২০৭২</td><td>১৬৪১</td><td>৪৪৬৮</td></tr>
</table>
<br>
ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : জনাব মোঃ হাসান মারুফ, মহাপরিচালক, সভাকে জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ক্লিনিক্যাল সাইকোলজিস্টের ৮টি শূন্যপদে নিয়োগের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ হতে ৪ জুন ২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এছাড়াও মেডিকেল অফিসারের ১৬টি পদ, সহকারী রেজিস্ট্রারের ১টি পদ, ইমারজেন্সি মেডিকেল অফিসারের ৩টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। পরিদর্শকের ৩৬টি (১০ম গ্রেড) পদে বিপিএসসি কর্তৃক ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। কম্পিউটার অপারেটর ১৫টি, হিসাবরক্ষক ২২টি ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ২৭টি এবং গাড়িচালক ১১টি পদে নিয়োগের জন্য পুলিশ ভেরিফেকেশন সম্পন্ন হওয়ার পরে তাদের নিয়োগ দেওয়া হবে। তিনি আরো জানান নার্স নিয়োগের বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।<br>
খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সিস্টেম এনালিস্টের ১টি শূন্যপদ সরাসরি নিয়োগের নিমিত্ত এ বিভাগ হতে ২৩ নভেম্বর ২০২২ তারিখ এবং ৭টি সহকারী পরিচালকের শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১৪টি সহকারী পরিচালকের শূন্য পদ সরাসরি নিয়োগের জন্য এ বিভাগ হতে ২৬ নভেম্বর ২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে এ সংক্রান্তে বিপিএসসি হতে কতিপয় তথ্যাদি প্রেরণের অনুরোধ করা হলে যাচিত তথ্যাদি প্রেরণের জন্য ১৭/১০/২০২৪ তারিখে অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া প্রোগ্রামার-১টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ; অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে এবং অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-২টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৬ জুন ২০২৪ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>
গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মহাপরিচালক বলেন, বিদ্যমান নিয়োগবিধিতে অসামঞ্জ্যতা থাকায় নিয়োগবিধি সংশোধন করা অতিব জরুরী হয়ে পড়েছে। বিপিএসসি এর মাধ্যমে স্টেশন অফিসার-১৭৬টি পদের ২৬ জুন ২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যার লিখিত পরীক্ষা অতি শীঘ্রই অনুষ্ঠিত হবে। বিপিএসসি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত স্টাফ অফিসার-৭ জনের মধ্যে ২ জন যোগদান করেছেন। তিনি আরো জানান যে, এ অধিদপ্তরে ডাক্তার নিয়োগের প্রয়োজনীয়তা রয়েছে। নিয়োগবিধি সংশোধনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>
ঘ) কারা অধিদপ্তর : কারা অধিদপ্তরের কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন সভাকে জানান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর ১টি পদ প্রেষণে পদায়ণের মাধ্যমে পূরণের জন্য সুরক্ষা সেবা বিভাগ থেকে ১৭/০২/২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১৩ টি অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক, ২টি উপ সহকারী কারা মহাপরিদর্শক, ২টি সমাজকল্যাণ কর্মকর্তা, ৬টি ডেপুটি নার্সিং সুপারিন্টেন্ডেন্ট খসড়া নিয়োগ বিধিতে অর্ন্তভূক্ত করে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। ৬টি পদ সংরক্ষণ রেখে ৫৫টি ডিপ্লোমা নার্স (১০ম গ্রেড)নিয়োগের জন্য বিপিএসসি বরাবর ২১ নভেম্বর ২০২২ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিভিন্ন ক্যাটাগরির ৩৩৭টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে। ৩৭টি ডেপুটি জেলার পদ পূরণের অধিযাচন ১৩ মার্চ ২০২৫ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, এ বিভাগের অধিদপ্তরসমূহের মধ্যে ডাক্তারগণকে বদলি জনিত পদায়ন করা হলে সকল অধিদপ্তর উপকৃত হবেন। ডাক্তার নিয়োগ ও পদায়নের বিষয়ে একটি পুল গঠনের বিষয়ে আলোচনা করা হয়। কারা রক্ষী পদের নিয়োগ পরীক্ষা এইসএসসি পরীক্ষা শেষ হবার পরে খুব দ্রুত সময়ের মধ্যে নেওয়া হবে। মামলা নিষ্পত্তি হলে ৩৭টি জেলায় জেল সুপার পদে পদোন্নতি প্রদান করা হলে, ডেপুটি জেলার পদ থেকে জেলার পদে পদোন্নতি প্রদান করা সম্ভব হবে।
</td>
<td>সাথে আলোচনা করে সমাধান করতে হবে।<br><br>
৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরসমূহের মধ্যে ডাক্তার নিয়োগ ও পদায়নের পুল গঠনের বিষয়টি যাচাই-বাছাই করতে হবে।<br><br>
৬) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিয়োগবিধি দ্রুত সংশোধনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>
৭) কারারক্ষী পদে নিয়োগের ক্ষেত্রে আইনের ব্যত্যয় যেন না হয়, তা নিশ্চিত করতে হবে।<br><br>
বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/অধিদপ্তর প্রধান (সকল)।
</td>
</tr>
<tr>
<td>২.২</td>
<td>জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৫-এ গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে স্বল্পমেয়াদী-২টি, মধ্যমেয়াদী-৪টি সিদ্ধান্ত রয়েছে। জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন পর্যায়ে রয়েছে।</td>
<td>১) জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪ এবং জেলা প্রশাসক সম্মেলন ২০২৫-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>
বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)
</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.৩</td>
<td>ই-জিপি :<br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : জুন, ২০২৫ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : জুন, ২০২৫ এ ই-জিপিতে ২টি পণ্যের দরপত্র আহ্বান করা হয়েছে।<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : জুন, ২০২৫ এ ই-জিপিতে ২৩১টি পণ্যের দরপত্র আহ্বান করা হয়েছে।<br>কারা অধিদপ্তর : জুন, ২০২৫ পর্যন্ত ৫৩ টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহবান করা হয়েছে।</td>
<td>১) পিপিএ-২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুযায়ী টেন্ডার কার্যক্রম সম্পাদন করতে হবে।<br><br>২) ই-জিপিতে যে সকল পণ্য/সেবা/কার্য সংগ্রহ /ক্রয় করা হয় তার প্যাকেজওয়াইজ বিবরণী প্রতিমাসে প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td>অডিট আপত্তি :<br>সভাকে জানানো হয়, এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত রয়েছে। অডিট আপত্তি সংক্রান্ত ছকে সংশোধন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। দীর্ঘদিনের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এ বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে টিম গঠনপূর্বক নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৭</td><td>৪</td><td>১</td><td>৬</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১৫৫</td><td>৯৩</td><td>৫৪</td><td>১০১</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৫৫৩</td><td>৫২৯</td><td>৩২৬</td><td>২২৭</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১২৪</td><td>১২০</td><td>৩২</td><td>৯২</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৮৯</td><td>৩৯</td><td>১৮</td><td>৭১</td></tr>
</table></td>
<td>১) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities ( S F I ) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>পেনশন : সভাকে জানানো হয়, আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td>
<td>১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.৬</td>
<td>জেলা পরিদর্শন : সভাকে জানানো হয়, ০১) জনাব মোঃ শামীম খান, অতিরিক্ত সচিব; ০২) জনাব ফয়সল আহমেদ, অতিরিক্ত সচিব; ০৩) জনাব মোঃ শহীদ আতাহার হোসেন, উপসচিব ১৯ জুলাই ২০২৫ তারিখে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন শীর্ষক প্রকল্পের আওতায় উত্তরাস্থ ই-পাসপোর্ট পার্সোনালাইজেশন কার্যক্রম পরিদর্শন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা পরিদর্শন করেন।<br>মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ০১ জুন ২০২৫ এ আঞ্চলিক পাসপোর্ট অফিস,নড়াইল পরিদর্শন করেন।<br>ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি, কারা মহাপরিদর্শক ১০-১৩ জুন ২০২৫ এ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১,২,মহিলা এবং হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার এবং কিশোরগঞ্জ জেলা কারাগার পরিদর্শন করেন।</td>
<td>১) প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.৭ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, দীর্ঘ সময়ে অনিষ্পন্ন পত্রাদি রয়েছে কিনা এ বিষয়ে সভাপতি জানতে চান এবং থাকলে দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br>এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১) দীর্ঘ সময়ে অনিষ্পন্ন পত্রাদি দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৮ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অধিদপ্তরসমূহে যুগোপযোগী ও নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>অর্থ বছরের শুরুতেই বিভিন্ন ধরনের প্রশিক্ষণের সময়সূচি প্রণয়নপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের নৈতিকতামূলক প্রশিক্ষণের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের আলোকে আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>২) অর্থ বছরের শুরুতেই বিভিন্ন ধরনের প্রশিক্ষণের সময়সূচি প্রণয়নপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৯ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :** বিবেচ্য মাসে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৫টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২১৬টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৫৪টি, কারা অধিদপ্তরের ১১৮টি তথ্য অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করা হয়েছে।<br>সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তরের পরিচালন ও উন্নয়ন বাজেটের তথ্য ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) সকল আঞ্চলিক পাসপোর্ট অফিসসমূহের অবিতরণকৃত পাসপোর্টসমূহের (এমআরপি/ই-পাসপোর্ট) তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাযথ তথ্যাদি আপলোড ও হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।<br>৩) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তরের পরিচালন ও উন্নয়ন বাজেটের তথ্য ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করতে হবে।<br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)/নিরাপত্তা ও বহিরাগমন** |

<table>
<tr>
<td>২.১০</td>
<td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা : সভাকে জানানো হয়, প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ অব্যাহত আছে। বিভিন্ন দপ্তরে দাখিলকৃত অভিযোগসমূহে অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সংবলিত অভিযোগসমূহ আমলে নিতে হবে। এছাড়াও বেনামী অভিযোগের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করতে হবে তথাপি অভিযোগের গুরুত্ব অনুধাবন করে বেনামী অভিযোগও আমলে নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়।</td>
<td>১) বিভিন্ন দপ্তরে দাখিলকৃত অভিযোগসমূহে অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর থাকতে হবে এবং বেনামী অভিযোগের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করতে হবে অধিকন্তু অভিযোগের গুরুত্ব বিবেচনায় বেনামী অভিযোগও আমলে নিতে হবে।<br>২) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.১১</td>
<td>ডি-নথি : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।
<table>
<tr><th></th><th colspan="4">জুন ২০২৫</th><th colspan="4">মে ২০২৫</th></tr>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>মোট</th><th>শতকরা (ই-ফাইলে নিষ্পত্তিকৃত)</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>মোট</th><th>শতকরা (ই-ফাইলে নিষ্পত্তিকৃত)</th></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>১৪</td><td>১৩৩</td><td>১৪৭</td><td>৯০.৪৭%</td><td>১৩</td><td>১৩২</td><td>১৪৫</td><td>৯১.০৩%</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৯</td><td>৮৪</td><td>৯৩</td><td>৯০.৩২%</td><td>২৬</td><td>২৩৪</td><td>২৬০</td><td>৯০.০০%</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৩১</td><td>১৮০</td><td>২১১</td><td>৮৫.৩১%</td><td>২৯</td><td>৪১৭</td><td>৪৪৬</td><td>৯৩.৫০%</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>১২</td><td>২৪১</td><td>২৫৩</td><td>৯৫.২৬%</td><td>১৬</td><td>৩১১</td><td>৩২৭</td><td>৯৫.১১%</td></tr>
</table>
</td>
<td>১) যেসকল পত্র ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য সেগুলো ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)</td>
</tr>
<tr>
<td>২.১২</td>
<td>ইনোভেশন : সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য ০৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখে আওতাধীন অধিদপ্তরসমূহ থেকে ১০টি উদ্ভাবনী ধারণা পাওয়া গিয়েছে। ১৭ নভেম্বর ২০২৪ তারিখে পাবলিক সার্ভিস ইনোভেশন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে, উক্ত সভায় ৬টি পাবলিক সার্ভিস ইনোভেশন চূড়ান্ত করা হয়েছে, যার মধ্যে ৩ টি বাস্তবায়িত হয়েছে।</td>
<td>১) পাবলিক সার্ভিস ইনোভেশন কার্যক্রমের প্রস্তাব চূড়ান্ত করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : ইনোভেশন টিম</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.১৩ | **ভিডিও কনফারেন্স :** সভায় জানানো হয়, বিবেচ্য মাসে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ১৯টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। | ১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/ বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/ স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)** |
| ২.১৪ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিবেচ্য মাসে এ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৭০০ টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৮৫ টি, মোট মামলার সংখ্যা ৭৪৫ টি। বিবেচ্য মাসে এর মধ্যে ৪৭ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৭৩৮ টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ৫ টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ৫ টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ১ টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৪ টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এটি/এএটি মামলার সংখ্যা: এটি-১৪৩ টি ও এএটি-৬৪ টি।<br>এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৫৫ টি, রিট-২৫০ টি, সিভিল রিভিশন-১২৫ টি, দেওয়ানি-২০ টি, ফৌজদারি- ৫ টি। | ১) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.১৫ | **বিবিধ :**<br>• এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে অধিদপ্তর হতে প্রতি মাসের ০২ তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। | ১) মাসিক ও অন্যান্য সভাসমূহের কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত অধিদপ্তর হতে প্রতিমাসের ০২ তারিখের মধ্যে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

৩। সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের সততা, মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

১৬-০৭-২০২৫
নাসিমুল গনি
সিনিয়র সচিব
+৮৮০-২-৯৫১১০৮৮ (ফোন)
+৮৮০-২-৯৫৭৪৪৯৯ (ফ্যাক্স)
secretary@ssd.gov.bd


নম্বর: ৫৮.০০.০০০০.০০০.০১৪.১১.০০০১.২২.৭২

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ।

২। অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



১৬-০৭-২০২৫
মোঃ আনোয়ার পারভেজ
সিনিয়র সহকারী সচিব